



এদিক সেদিক

এক ছবি রিলিজের আগেই শাকিব-রত্নাকে নিয়ে সমালোচনা চলছে। মোহাম্মদ হান্নানের ‘পড়ে না চোখের পলক’ ছবিটি করতে গিয়েই দু’জনের ঘনিষ্ঠতা হয়। কল্পবাজার থেকে ঢাকায় ফিরেই তারা দু’জনে লং ড্রাইভে চলে গিয়েছিলেন আশুলিয়ায়। সেখানে বেশি সময় থাকেননি। কারণ পরিচিত মানুষদের ভিড় একটু বেশি সেখানে। তবে টেলিফোন যোগাযোগটা নিয়মিত চলছে। এই যোগাযোগের কারণে রত্নার ছবির সংখ্যা বাড়ছে।

টু ক রো



ভালোবাসা নয় নাগরিকত্ব

জনপ্রিয় ব্যান্ড তারকা জেমসের দ্বিতীয় বিয়ের খবর সবারই জানা। দীর্ঘদিন তারই ভক্ত বেনজির নামের এক শিল্পপতির মেয়ের সঙ্গে প্রেম চলছিল। বেনজির বাড়িতে বিষয়টি জানাজানি হলে তার অভিভাবক পাঠিয়ে দেয় আমেরিকায়। এরপরও বাঁচাতে পারলেন না মেয়েকে অনিশ্চিত ভবিষ্যতের হাত থেকে। জেমস তাকে বিয়ে করেছেন আমেরিকার নাগরিকত্ব পাবার জন্য, তাকে ভালোবেসে নয়। আর এ বিয়ে কতোদিন টিকবে তারও নিশ্চয়তা নেই। এ কথাগুলো জানালেন জেমসের ঘনিষ্ঠ কয়েকজন। এদিকে জেমসের বৌ রথি তার দু’সন্তান নিয়ে মায়ের বাড়িতে রয়েছেন দীর্ঘদিন ধরে। পরিবারিক সূত্রে জানা যায়, তার স্বামীর ঘরে ফেরার কোন সম্ভাবনা নেই। তবে মামলা করবেন কিনা তা এখনও চূড়ান্ত হয়নি।



ঘন ঘন

তিন সপ্তাহ আগেই মৌসুমী জাপান থেকে ফিরেছেন। মাঝে এক সপ্তাহ ঢাকায় থেকে আবার ১৮ সেপ্টেম্বর গেলেন কোরিয়ায়। ফেরার কথা ২৩ সেপ্টেম্বর। আবার অক্টোবরের প্রথম সপ্তাহে যাবেন জার্মানিতে। ওমেন ফিল্ম ফেস্টিভ্যালের যোগ দিতে। হঠাৎ মৌসুমীর এই ঘন ঘন বিদেশ সফরে ক্ষতিগ্রস্ত হচ্ছেন প্রযোজক-পরিচালকরা। কারণ মৌসুমী এই মুহূর্তে সবচেয়ে ব্যস্ত এবং নির্ভরশীল শিল্পীদের একজন।

ছেড়ে দেবেন না

সবকিছু কেমন জানি এলোমেলো ঠেকছে। আজকাল শাবনূর এমন ভাব করছেন যেন মনে হয় তিনি শিগগির

বিয়ের পিঁড়িতে বসতে যাচ্ছেন। আর পাত্র হিসেবে এক আমেরিকান প্রবাসীর নাম শোনা যাচ্ছে। ঘটনাটি সত্য, নাকি রিয়াজকে ক্ষেপাণোর জন্য শাবনূর এমন করছেন, সেটি নিয়ে চলছে নানান কথা। আসলে রিয়াজকে নিয়ে শাবনূর আর পূর্ণিমার মধ্যে চলছে ঠাণ্ডা লড়াই। আপাতত রিয়াজ-পূর্ণিমার কথায় উঠছেন-বসছেন। সেটা কতোদিন চলবে এখনই হুট করে বলা যাচ্ছে না। আর শাবনূরও ছেড়ে দেয়ার পাত্রী নন। পেছনের ইতিহাস ঘাটলে বিষয়টি পরিষ্কার হয়ে যাবে। ত্রিমুখী এই লড়াইয়ে কেউ কেউ আগাম দুর্ঘটনার কথা উড়িয়ে দিচ্ছেন না। না জানি কার কপালে কি আছে?